



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
মুরারিচাঁদ কলেজ, সিলেট  
website : www.mccollege.edu.bd  
email : m.c.college\_sylhet@live.com



তারিখ: ০৩.০১.২০২২ খ্রি.

### ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষামন্ত্রণালয়ের '২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২১'-এর প্রেক্ষিতে মুরারিচাঁদ (এম.সি) কলেজ, সিলেট-এ একাদশ শ্রেণিতে কেবল বিজ্ঞান শাখায় ভর্তির জন্য অনলাইন আবেদন আহবান করা যাচ্ছে।

আসন সংখ্যা: ৩০০	ন্যূনতম GPA: 5.00	EIIN নম্বর : 130457
-----------------	-------------------	---------------------

- ❖ ভর্তির জন্য অনলাইন আবেদনের সময়সূচী: ০৮.০১.২০২২ থেকে ১৫.০১.২০২২ খ্রি. রাত ১১.৫৯ মি. পর্যন্ত।  
ভর্তির ওয়েবসাইট: [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)
- ❖ ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ: ২৯.০১.২০২২ খ্রি. (রাত ৮.০০ টা)
- ❖ শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) ৩০.০১.২০২২ থেকে ০৬.০২.২০২২ খ্রি.
- ❖ ২য় পর্যায়ের অনলাইন আবেদন: ০৭.০২.২০২২ থেকে ০৮.০২.২০২২ খ্রি. (রাত ৮.০০ টা)
- ❖ ২য় পর্যায়ের ফলাফল: ১০.০২.২০২২ খ্রি. (রাত ৮.০০ টা)
- ❖ ৩য় পর্যায়ের অনলাইন আবেদন: ১৩.০২.২০২২ খ্রি.
- ❖ ৩য় পর্যায়ের ফলাফল: ১৫.০২.২০২২ খ্রি. (রাত ৮.০০ টা)

ভর্তির তারিখ: ১৯.০২.২০২২ সকাল ১০.০০ টা থেকে ২৪.০২.২০২২ খ্রি. বিকাল ২.০০ টা পর্যন্ত, ক্লাশ শুরু: ০২.০৩.২০২২ খ্রি.

আবেদনের পদ্ধতি:

শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। নিম্নলিখিত নিয়মে আবেদন Submit করতে হবে।

১. টেলিটক/বিকাশ/শিওরক্যাশ/নগদ/সোনালী ব্যাংক/রকেট এর মাধ্যমে ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) আবেদন ফি জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইট [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd) এ গিয়ে “Apply Online” Button-এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর দেয়া তথ্য সঠিক হলে সে তার ব্যক্তিগত তথ্য ও এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA দেখতে পাবে। উল্লেখ্য যে, ফি জমাদানের পদ্ধতি ভর্তির ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।
২. এরপর শিক্ষার্থীর Contact Number (ফি প্রদানের সময় শিক্ষার্থী প্রদত্ত নিজের/অভিভাবকের মোবাইল নম্বর) দিতে হবে।
৩. কোটা (প্রযোজ্য ক্ষেত্রে): মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য কোটায় (FQ) ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী তথ্য ছকের নির্দিষ্ট স্থানে কোটা FQ Select করবে। কোটার আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। এবং পরবর্তীতে কলেজ কর্তৃক যাচাইকরণ হবে বিধায় কোটার অপশন (Option) দেয়ার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।
৪. অতঃপর তাকে ভর্তিচ্ছু শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্শন Select করতে হবে। এভাবে শিক্ষার্থী সর্বোচ্চ ১০ টি ও সর্বনিম্ন ৫ টি কলেজ Select করতে পারবে। আবেদনকারী তার সকল আবেদনের পছন্দক্রমও নির্ধারণ করতে পারবে।
৫. এরপর আবেদনকারী “Preview Application” Button এ ক্লিক করলে তার আবেদনকৃত কলেজসমূহের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবে। তথ্যসমূহ সঠিক থাকলে আবেদনকারী “Submit Button” এ ক্লিক করবে।
৬. আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তার প্রদত্ত Contact Number সম্বলিত মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবে যাতে একটি সিকিউরিটি কোড (Security Code) থাকবে। এই Security Code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে কারণ সেটি পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।
৭. আবেদনকারী চাইলে তার আবেদনসমূহের তথ্যাদিসহ উক্ত ফরমটি Download করে প্রিন্ট (Print) নিতে পারবে।
- ❖ চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সূচী ও ফি সংক্রান্ত তথ্য বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে কলেজ ওয়েবসাইট [www.mccollege.edu.bd](http://www.mccollege.edu.bd) এ প্রকাশ করা হবে।

অধ্যক্ষ ০৩/০১/২০২২  
মুরারিচাঁদ কলেজ, সিলেট